রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৩১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

অরিখ: ১৫ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ আগস্ট, ২০২৬ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩২৩-আইন/২০২৬/৮৭/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাভুক্ত কলাম (2) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যের উপর—

(ক) প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সময়ের জন্য উক্ত আইনের প্রথম তফসিলে আরোপণীয় কাস্টমস শুল্ক, যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি শুল্ক এবং সম্পূরক শুল্ক, যেই পরিমাণ মূল্য ভিত্তিক ১০% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ হইতে অব্যাহতি প্রদান করিল; এবং

(খ) প্রজ্ঞাপন জারির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত সময়ের জন্য উক্ত আইনের প্রথম তফসিলে আরোপণীয় কাস্টমস শুল্ক, যেই পরিমাণ মূল্যভিত্তিক ৫% এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।


মূল্য : টাকা ৪.০০

**TABLE**

| **Heading** | **H. S. Code** | **Description** |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 07.09 | 0709.60.19 | Green Chilli |
| 07.02 | 0702.00.19 | Tomatoes |

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
ভারপ্রাপ্ত চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd